রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন

এবং

সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই ২০১৮ - ৩০ জুন ২০১৯

# সূচিপত্র


| ক্রঃ নং | বিবরণ | পৃষ্ঠা |
|---|---|---|
| ০১ | উপক্রমণিকা | ০১ |
| ০২ | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন-এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র। | ০২-০৪ |
| ০৩ | সেকশন ১ঃ রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়-এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি। | ০৫-০৬ |
| ০৪ | সেকশন ২ঃ রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়-এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)। | ০৭ |
| ০৫ | সেকশন ৩ঃ কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ। | ০৮ |
| ০৬ | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | ০৯-১০ |
| ০৭ | সংযোজনী-১ঃ শব্দসংক্ষেপ। | ১২ |
| ০৮ | সংযোজনী-২ঃ কর্মসম্পাদন সূচকসমূহ বাস্তবায়নকারী কার্যক্রমসমূহ এবং পরিমাপ পদ্ধতি | ১৩ |
| ০৯ | সংযোজনী-৩ঃ অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ | ১৪ |

# উপক্রমণিকা (Preamble)

সরকারী দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ

এবং

সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ১২ তারিখে এ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হ'ল।

এ চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

## রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়ের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the ORG)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

- সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের উদ্দেশ্যে সকল নাগরিকের একটি শুদ্ধ ডাটাবেইজ প্রস্তুতকরণে জন্ম ও মৃত্যু নিবন্ধন তথ্যাদি অত্যন্ত গুরুত্বপূর্ণ। ইতোপূর্বে জন্ম ও মৃত্যু নিবন্ধনের কার্যক্রম জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্পের মাধ্যমে সম্পাদিত হতো। বিভিন্ন পর্যায়ে উক্ত প্রকল্পের মেয়াদ বৃদ্ধির পর গত ৩০ জুন, ২০১৬ তারিখে প্রকল্পের মেয়াদ শেষ হয়। ২০১৫-২০১৬ অর্থ বছর জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প এবং ২০১৬-২০১৭ ও ২০১৭-১৮ অর্থ বছরসমূহে রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়ের মাধ্যমে সম্পাদিত কার্যক্রমের বছরওয়ারী অগ্রগতি/অর্জন নিম্নরূপঃ

| অর্থ বছর | অনলাইন জন্ম নিবন্ধন | হার | মন্তব্য |
|---|---|---|---|
| ২০১৫-২০১৬ পর্যন্ত | ১৪,৭১,৭২,৬০০ জন | ৯০.৭৭% | একই ব্যক্তির একাধিক জন্ম নিবন্ধন থাকায় নিবন্ধনের হার বেশী প্রদর্শিত হচ্ছে। প্রকৃতপক্ষে জন্ম নিবন্ধনের হার আরও কম। ইতোপূর্বে সম্পাদিত দ্বৈত নিবন্ধন শুদ্ধিকরণ (De-duplication) এবং ভবিষ্যতে যাতে দ্বৈত নিবন্ধন না হতে পারে তার প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে সফটওয়ার উন্নয়নের কাজ চলছে। |
| ২০১৬-২০১৭ পর্যন্ত | ১৫,৫৮,৩৮,১৫৯ জন | ৯৪.৯০% | |
| ২০১৭-২০১৮ (মার্চ ৩১, ২০১৮ পর্যন্ত) | ১৬,২১,৫২,৭৮৩ জন | ৯৬.৯৫% | |

জন্ম ও মৃত্যু তথ্যাদি নিবন্ধনের উপরোক্ত রুটিন কার্যক্রমের অগ্রগতি ছাড়াও ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭ ও ২০১৭-১৮ অর্থ বছরে যে সকল উল্লেখযোগ্য সাফল্য অর্জিত হয় তা নিম্নরূপঃ

১। গত ৩০ জুন, ২০১৬ জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্পের মেয়াদ শেষ হলেও জন্ম ও মৃত্যু নিবন্ধনের চলমান কার্যক্রম অব্যাহত রাখা ও টেকসই করার লক্ষ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন (সংশোধিত) আইন, ২০১৩ এর বিধানমতে রেজিস্ট্রার জেনারেলের কার্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ নেয়া হয়। সরকারের রাজস্ব বাজেটের আওতায় একটি নতুন অফিস প্রতিষ্ঠার সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করে স্থানীয় সরকার বিভাগের গত ০১ সেপ্টেম্বর, ২০১৬ তারিখের পত্র নং-৪৬.০১৮.০২৮.০০.০০.০১৯.২০১৬-৫১৬ মূলে রেজিস্ট্রার জেনারেলের কার্যালয় প্রতিষ্ঠা করা হয় যা গত ০৮ সেপ্টেম্বর, ২০১৬ তারিখের গেজেটে প্রকাশিত হয়।

২। ২০১৫ সালের ফেব্রুয়ারী মাসের মাঝামাঝি অনলাইন জন্ম ও মৃত্যু নিবন্ধনের সার্ভারটি বিকল হয়ে গেলে এবং তখন International Civil Aviation Organization (ICAO) এর বিধান অনুযায়ী ২৪ নভেম্বর, ২০১৫ তারিখের মধ্যে প্রবাসে বসবাসরত দেশের সকল নাগরিকের (প্রায় ৩০ লক্ষ পেন্ডিং) হাতে লেখা পাসপোর্ট মেশিন রিডেবল (MRP) করণের লক্ষ্যে ক্ষেত্রবিশেষে জন্ম ও নিবন্ধন সনদ বাধ্যতামূলক হওয়ায় বিশেষ ব্যবস্থার মাধ্যমে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক প্রদত্ত উন্নতমানের সার্ভারে ১৪ কোটির অধিক ডাটাবেইজ স্থানান্তর করে সকল প্রবাসীদের অনুকূলে হাতে লেখা পাসপোর্ট মেশিন রিডেবল করার কাজে সহায়তা করে সাফল্যজনকভাবে উক্ত চ্যালেঞ্জ মোকাবেলা করা হয়।

৩। দেশের সকল ইউনিয়ন পরিষদ, পৌরসভা, সিটি করপোরেশন, ক্যান্টনমেন্ট বোর্ড এবং বিদেশে অবস্থিত বাংলাদেশী মিশনসমূহের জন্য আলাদা আলাদা জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা থাকায় তা প্রয়োগের ক্ষেত্রে সমস্যা দেখা দেয়ায় পূর্বের ৫টি বিধিমালা একীভূত করে জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৭ প্রণয়ন করা হয়। পরবর্তীতে জন্ম ও মৃত্যু নিবন্ধন পদ্ধতি আরও সহজিকরণের লক্ষে ২০১৭ সালে প্রণীত বিধিমালায় বেশ কিছু পরিবর্তন এনে জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ জারী করা হয়। যা ০৮ মার্চ ২০১৮ তারিখে সরকারি গেজেটে প্রকাশিত হয়।

• সমস্যা ও চ্যালেঞ্জসমূহ

ক) প্রয়োজনীয় জনবলের অভাব

রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রতিষ্ঠা করা হলেও অনুমোদিত ২৫টি পদের মধ্যে নিয়মিত পদসমূহের মধ্যে একমাত্র রেজিস্ট্রার জেনারেল ও উপ-রেজিস্ট্রার জেনারেল ও প্রোগ্রামারসহ মোট ১৫টি পদে নিয়োগ করা হয়। অন্যান্য নিয়মিত পদসমূহে জনবল নিয়োগের কার্যক্রম চলমান থাকায় প্রকট জনবলের সমস্যা বিদ্যমান। বিশেষ করে জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্পে সিস্টেম এনালিস্টের পদ থাকলেও রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়ের অর্গানোগ্রামে কোন সিস্টেম এনালিস্ট এবং ডাটাবেইজ এক্সপার্ট পদ অনুমোদিত জনবলে না থাকায় ইউনিসেফের সহায়তায় পরামর্শক নিয়োগের মাধ্যমে কার্যক্রম চলছে।

খ) দ্বৈত/ভুল তথ্য নিবন্ধন

জন্ম ও মৃত্যু নিবন্ধন একটি অত্যাবশ্যকীয় সনদ হওয়া সত্তেও জনসচেতনতার অভাবে ইতোপূর্বে বাংলাদেশে যথাযথভাবে জন্ম ও মৃত্যু নিবন্ধিত হয়নি। বর্তমানে জন্ম ও মৃত্যু নিবন্ধন অনলাইন হওয়ার ফলে যাচাই করে দেখা যায় একই নাগরিকের একাধিক জন্ম সনদ রয়েছে। এছাড়া নিবন্ধক অফিসে প্রশিক্ষিত জনবলের অভাবে এর নাগরিক কর্তৃক ভুল তথ্য পরিবেশনার ফলে ভুল তথ্য নিবন্ধন হয়েছে। বিদ্যমান দ্বৈত ও ভুল নিবন্ধনকে একটি সফটওয়্যার এর মাধ্যমে শুদ্ধিকরণ এবং ভবিষ্যতে দ্বৈত/ভুল তথ্য নিবন্ধন পরিহারের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

গ) জন্ম তারিখ সংশোধনের অস্বাভাবিক প্রবণতা

স্কুলে ভর্তি, চাকুরীর যোগ্যতা অর্জন, বিদেশে গমণ, বিভিন্ন ধরণের ভাতা প্রাপ্তি ইত্যাদি কারণে জন্ম তারিখ সংশোধনের প্রবণতা বিশেষভাবে লক্ষ্যনীয়। এর ফলে নিয়মিত নিবন্ধন কাজ ব্যাপকভাবে বিঘ্নিত হয় এবং সেবাপ্রদান অহেতুক বিলম্বিত হয়।

• ভবিষ্যৎ পরিকল্পনা

ক) জনবল নিয়োগ ও CRVS শক্তিশালীকরণঃ

রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়ের অনুকূলে অনুমোদিত পদসমূহের বিপরীতে জনবল নিয়োগ, আরও অত্যাবশ্যকীয় পদ সৃজন, যানবাহন বরাদ্দ, প্রয়োজনে একটি বিশেষ প্রকল্পের মাধ্যমে রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়ের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির পাশাপাশি অন্যান্য উন্নত দেশের ন্যায় জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম আরও যুগোপযোগী, ব্যবহার বান্ধব এবং সময় সাশ্রয়ী হিসেবে উন্নীতকরণ।

খ) সফটওয়্যার উন্নয়নঃ

জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প চলাকালীন ২০০৯-২০১০ সালে তৈরীকৃত Birth Registration Information System (BRIS) এর সক্ষমতা অত্যন্ত সীমিত থাকায় বর্তমানে ক্রমাগত User ID ও Password ব্যবহারকারীর সংখ্যা বৃদ্ধি পাওয়ায় Birth Registration Information System (BRIS) এর মানোন্নয়নের মাধ্যমে উন্নত সেবা প্রদান, অন্যান্য স্টেকহোল্ডারদের সিস্টেমের সাথে সমন্বিতকরণ (Integration) করে Civil Registration & Vital Statistics (CRVS) শক্তিশালীকরণ করা।

গ) প্রশিক্ষণ

ইউনিয়ন পরিষদ, পৌরসভা, সিটি করপোরেশন, ক্যান্টনমেন্ট বোর্ড ও বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশন অফিসসমূহে কর্মরত সকল পর্যায়ের নিবন্ধক, ডাটা এন্ট্রি অপারেটরসহ সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে জন্ম নিবন্ধন সংক্রান্ত বিষয়ে সেবার মান বৃদ্ধিকরণ।

ঘ) জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণঃ

জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন এবং বিধিমালা অনুযায়ী ৪৫ দিনের মধ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধনের কার্যক্রম গ্রহণে ১৭টি রাষ্ট্রীয় সেবা গ্রহণের ক্ষেত্রে জন্ম নিবন্ধন সনদ এবং ৪টি ক্ষেত্রে মৃত্যু নিবন্ধন সনদের ব্যবহার বাধ্যতামূলক হওয়ায় জনসচেনতার অভাবে ৪৫ দিনের মধ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধনের হার হতাশাব্যঞ্জক হওয়ায় বিভিন্ন প্রকার উদ্বুদ্ধকরণ কর্মচসূচী গ্রহনের মাধ্যমে ব্যাপক প্রচার ও প্রচারণার মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধি (ডকুমেন্টারী, স্বল্পদৈর্ঘ্য ফিল্ম, টিভিসি ইত্যাদি)।

দেশের সকল নাগরিকের একটি শুদ্ধ ডাটাবেইজ তৈরীর লক্ষ্যে Online Birth Registration System (BRIS) এর উন্নয়নের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। সার্বিকভাবে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমকে আরও যুগোপযোগী সময়সাশ্রয়ী এবং ব্যবহার বান্ধব করার জন্য "জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম শক্তিশালীকরণ" শিরোনামে একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। তাছাড়া ৫১০৭টি নিবন্ধন অফিসকে অনলাইন জন্ম ও মৃত্যু নিবন্ধন কাজে কারিগরি সহায়তা প্রদান, কার্যাবলী পরিদর্শন, নিয়ন্ত্রণ ও তদারকীর কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়ের সক্ষমতা বৃদ্ধির জন্য যৌক্তিকতাসহ আরও ৩৩টি পদ সৃজন ও প্রয়োজনীয় যানবাহন বরাদ্দের জন্য উদ্যোগ নেয়া হয়েছে। অধিকন্তু পৃথিবীর অন্যান্য দেশের ন্যায় সিভিল Civil Registration & Vital Statistics (CRVS) কে শক্তিশালীকরণে অন্যান্য স্টেকহোল্ডার বিশেষ করে জাতীয় পরিচয়পত্র, পাসপোর্ট, পরিসংখ্যান ব্যুরো, স্বাস্থ্য ও পরিবার কল্যান ইত্যাদি বিভাগসমূহের সিস্টেমের সাথে সমন্বিতকরণ (Integration) এবং আন্তঃপরিচালনযোগ্য (Interoperability) করারও উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

২০১৭-২০১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন ২৮ টি;
- জন্ম ও মৃত্যু নিবন্ধন সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ওয়ার্কশপ/সেমিনার আয়োজন ৫ টি;
- জন্ম ও মৃত্যু নিবন্ধন সংশোধনে নিবন্ধকগণকে কারিগরি সহায়তা প্রদান ৬০০ টি;
- ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধনের হার বৃদ্ধি ১০% এ উন্নীতকরণ।

সেকশন-১

## রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়ের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision):

জন্ম ও মৃত্যু নিবন্ধনের মাধ্যমে দেশের সকল নাগরিকের আইনগত পরিচিতি নিশ্চিতকরণ।

### ১.২ অভিলক্ষ্য (Mission):

অনলাইনে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমকে শক্তিশালীকরণের মাধ্যমে সকল নাগরিকের শুদ্ধ ডাটাবেইজ তৈরীতে সহায়তা করে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে অংশগ্রহণ।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়ের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. উন্নত দেশের ন্যায় আধুনিক, সময় সাশ্রয়ী ও ব্যবহারবান্ধব জন্ম ও মৃত্যু নিবন্ধন পদ্ধতি চালুকরণ।

২. ব্যক্তি ও জাতীয় পর্যায়ে জন্ম ও মৃত্যু নিবন্ধনের গুরুত্ব ও আইনগত বাধ্যবাধকতার বিষয়ে ব্যাপক জনসচেতনতা বৃদ্ধি।

৩. অনলাইন জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমকে আরও গতিশীল, ব্যবহারবান্ধব, সেবাধর্মী করণের জন্য বিদ্যমান Software-এর উন্নয়ন।

৪. ১৭টি সরকারী সেবা প্রাপ্তির ক্ষেত্রে জন্ম নিবন্ধন সনদ এবং ৪টি সেবা প্রাপ্তির ক্ষেত্রে মৃত্যু নিবন্ধন সনদের ব্যবহারের বাধ্যবাধকতার বিষয়টি জোরদারকরণ।

৫. মন্ত্রিপরিষদ বিভাগের অধীন সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্টাটিস্টিক্স (CRVS)-কে শক্তিশালীকরণের লক্ষ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধনের সিস্টেমের সাথে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, জাতীয় পরিচয়পত্র কর্তৃপক্ষ, স্বাস্থ্য ও পরিবার কল্যান বিভাগের সিস্টেমের সাথে সমন্বিতকরণ (Integration) এবং আন্তঃপরিচালনযোগ্য (Interoperable) করণ।

৬. জন্ম ও মৃত্যুর ঘটনার ৪৫ দিনের মধ্যে নিবন্ধনে নাগরিকদের উৎসাহিত করে বাল্য বিবাহ, শিশু শ্রম ইত্যাদি রোধের মাধ্যমে শিশু অধিকার রক্ষায় সহযোগিতাকরণ।

৭. দেশের সকল ইউনিয়ন পরিষদ, পৌরসভা, সিটি করপোরেশন, ক্যান্টনমেন্ট বোর্ড এবং বিদেশে অবস্থিত বাংলাদেশের মিশনসমূহে জন্ম ও মৃত্যু নিবন্ধনের আয়-ব্যয়ের হিসাব পরিচালনা পদ্ধতি আধুনিকীকরণ।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;

২. রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়ের কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়নে পদক্ষেপ গ্রহণ;

৩. এ কার্যালয়ের আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়নে ব্যবস্থা গ্রহণ;

৪. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ;

৫. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন;

১.৪ কার্যাবলি (Functions):

- দেশের সকল ইউনিয়ন পরিষদ, পৌরসভা, সিটি করপোরেশন, ক্যান্টনমেন্ট বোর্ড, বিদেশে অবস্থিত মিশনসমূহের নিবন্ধকগণের নিকট জন্ম ও মৃত্যু নিবন্ধন সংশ্লিষ্ট সকল ফরম সরবরাহ নিশ্চিতকরণ;
- নিবন্ধক কার্যালয়সমূহ পরিদর্শন;
- নিবন্ধন সম্পর্কে গণসচেতনতা বৃদ্ধি কর্মসূচি গ্রহণ;
- তথ্য প্রযুক্তি বা অধিকতর উন্নত পদ্ধতির সাহায্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন তথ্য সংরক্ষণের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহ, স্থাপন ও সংরক্ষণ এবং এতদসংক্রান্ত কার্যপ্রণালি প্রণয়ন ও উন্নতকরণ;
- জন্ম ও মৃত্যু নিবন্ধন তথ্যাদি আদান প্রদানের জন্য দেশি, বিদেশি, সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের সাথে আন্তঃ তথ্যপ্রবাহ চুক্তি সম্পাদন এবং তথ্য আদান প্রদানের জন্য কারিগরি কার্যাদি সম্পাদন;
- নিবন্ধক ও উক্ত কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য নিবন্ধন কাজে নিবিড়ভাবে সম্পৃক্তকরণ ও প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান;
- যে সকল ক্ষেত্রে জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদের আবশ্যকতা রয়েছে তদসংশ্লিষ্ট সকল সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের কর্মকর্তা বা কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান;
- বাজেট প্রণয়ন, তহবিল সংগ্রহ, বিতরণ এবং নিরীক্ষাসহ আর্থিক জবাবদিহিতা নিশ্চিতকরণ;
- আইনের ধারা ১৫ ও ১৫ক এ বর্ণিত পদ্ধতিতে নিবন্ধন বহি এবং জন্ম বা মৃত্যু সনদ সংশোধনের প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান এবং ক্ষেত্র বিশেষে নিবন্ধন সনদ বাতিলকরণ সংক্রান্ত বিষয়াদি তত্ত্বাবধান;
- আইন, বিধি এবং সরকারী নির্দেশে অন্যান্য কার্যাবলী।

সেকশন - ২

## রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/ প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | ভিত্তি বছর | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৬-২০১৭ | ২০১৭-২০১৮ | ২০১৮-২০১৯ | ২০১৯-২০২০ | ২০২০-২০২১ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| জন্ম ও মৃত্যু নিবন্ধনের মাধ্যমে সকল নাগরিকের আইনগত পরিচিতি নিশ্চিতকরণ। | নিবন্ধন কভারেজ | শতকরা হার (%) | ৯৫% (দ্বৈত নিবন্ধনসহ) | ৯৭% (দ্বৈত নিবন্ধনসহ) | ৯৮.০০% (দ্বৈত নিবন্ধনসহ) | ১০০% | ১০০% | স্থানীয় সরকার বিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগের সিআরভিএস সচিবালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, নির্বাচন কমিশন সচিবালয়, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়ের a2i প্রকল্প ইত্যাদি। | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়ের ই-রিপোর্ট |

## সেকশন - ৩

### রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন এর কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target/Criteria Value for FY-2018 | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২০২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| [১] জন্ম ও মৃত্যু নিবন্ধন সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ। | ২০ | [১.১] ডিডিএলজি, উপজেলা নির্বাহী অফিসার, সহকারী প্রোগ্রামার, ইউপি চেয়ারম্যান ও ইউপি সচিবদের প্রশিক্ষণ প্রদান | [১.১] প্রশিক্ষণার্থী | সংখ্যা | ২০ | * | ২৪ | ৩০ | ২৮ | ২৬ | ২৪ | ২২ | ৩২ | ৩০ |
| [২] জন্ম ও মৃত্যু নিবন্ধন সম্পর্কে সচেতনতা বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ। | ১৫ | [২.১] জন্ম ও মৃত্যু নিবন্ধন সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ওয়ার্কশপ/সেমিনার আয়োজন | [২.১] আয়োজিত ওয়ার্কশপ/সেমিনার | সংখ্যা | ১৫ | * | ২২ | ১২ | ১০ | ৮ | ৬ | ৫ | ১৫ | ২০ |
| [৩] জন্ম ও মৃত্যু নিবন্ধনে কারিগরি সহায়তা প্রদান | ২০ | [৩.১] ৫১০৭ নিবন্ধক অফিসকে জন্ম ও মৃত্যু নিবন্ধনে কারিগরি সহায়তা প্রদান | [৩.১] প্রদানকৃত কারিগরি সহায়তা | সংখ্যা | ২০ | * | ১২০০০ | ১০০০ | ৯০০ | ৮০০ | ৭০০ | ৬০০ | ১০০০ | ১২০০ |
| [৪] জন্ম নিবন্ধনের হার বৃদ্ধিকরণ | ২০ | [৪.১] জন্ম নিবন্ধন হার বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ | [৪.১] নিবন্ধিত জন্ম নিবন্ধন তথ্য | শতকরা হার | ২০ | ৯৫% | ৯৭% | ৩ | ২ | ১ | ১ | ১ | ৪ | ৫ |

- ❖ এ কার্যালয়টি ০১ সেপ্টেম্বর, ২০১৬ সালে প্রতিষ্ঠিত হওয়ায় ২০১৬-১৭ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত না হওয়ায় কোন লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল না।
- ❖ জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ জারী হলে জন্ম ও মৃত্যু সংশোধনের ক্ষমতা জেলা পর্যায়ে ন্যাস্ত হওয়ায় কারিগরি সহায়তা প্রদান হ্রাস পাবে।
- ❖ এ ছাড়া দ্বৈত নিবন্ধন চিহ্নিত করার ফলে বর্তমানে নিবন্ধনের হার হ্রাস পাবে। ফলে প্রকৃত জন্ম নিবন্ধনের হার বৃদ্ধি প্রয়োজন হবে।

# রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ ২০১৮-১৯
(মোট নম্বর – ২৫)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান ২০১৮-১৯ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | মাঠ পর্যায়ের কার্যালয়ের সঙ্গে ২০১৮-১৯ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদনের চুক্তি স্বাক্ষর ও ওয়েবসাইট আপলোড | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ০.৫ | ২০ জুন, ২০১৮ | ২১জুন, ২০১৮ | ২৪ জুন, ২০১৮ | - | - |
| | | ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ০.৫ | ১৭ জানুয়ারী, ২০১৯ | ২০ জানুয়ারী, ২০১৯ | ২১ জানুয়ারী, ২০১৯ | ২২ জানুয়ারী, ২০১৯ | ২৩ জানুয়ারী ২০১৯ |
| | | মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback)মন্ত্রণালয়/বিভাগে দাখিল | ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | ১ | ২৪ জানুয়ারী, ২০১৯ | ৩১ জানুয়ারী, ২০১৯ | ০৪ ফব্রুয়ারী, ২০১৯ | ০৮ ফব্রুয়ারী, ২০১৯ | ১১ ফব্রুয়ারী, ২০১৯ |
| | | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘন্টা | ১ | ৬০ | - | - | - | - |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ১০ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | দপ্তর/সংস্থা কর্তৃক অনলাইন সেবা চালু করা | ন্যূনতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত | তারিখ | ১ | ১০ জানুয়ারী, ২০১৯ | ২৪ জানুয়ারী, ২০১৯ | ২৮ জানুয়ারী, ২০১৯ | ৩১ মার্চ, ২০১৯ | ৩০ এপ্রিল, ২০১৯ |
| | | দপ্তর/সংস্থা ও অধীনস্থ কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) সমূহের হালনাগাদকৃত ডাটাবেইজ ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ৩ ফেব্রুয়ারী, ২০১৯ | ১১ ফেব্রুয়ারী, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারী, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারী, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | | ডাটাবেইজ অনুযায়ী ন্যূনতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | ০৮ এপ্রিল, ২০১৯ | ২২ এপ্রিল, ২০১৯ | ০২ মে ২০১৯ | ১৬ মে ২০১৯ | ৩০ মে ২০১৯ |
| | | সিটিজেন্স চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | সেবাগ্রহীতদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ১৫ জানুয়ারী, ২০১৯ | ০৭ ফেব্রুয়ারী, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারী, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারী ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫০ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic) Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান ২০১৮-১৯ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি করা | পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়নপত্র জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | -- | -- |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৯ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ত্রিপক্ষীয় সভায় অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশকৃত | % | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারী, ২০১৯ | ১১ ফেব্রুয়ারী ২০১৯ | ১৮ ফেব্রুয়ারী ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারী, ২০১৯ | ১১ ফেব্রুয়ারী ২০১৯ | ১৮ ফেব্রুয়ারী ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিষ্পত্তিকরণ | নিষ্পত্তিকৃত | তারিখ | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০০ |
| | | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা | বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | নিয়োগ প্রদানকৃত | সংখ্যা | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ বাস্তবায়ন | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোয় অন্তর্ভুক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | সকল অনলাইন সেবা তথ্য বাতায়নে সংযোজিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | -- | -- |
| | | দপ্তর/সংস্থার ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৮ অক্টোবর ২০১৮ | ৩১ অক্টোবর ২০১৮ | ১৫ নভেম্বর, ২০১৮ | ২৯ নভেম্বর ২০১৮ | ০৬ ডিসেম্বর ২০১৮ |

➤ এ কার্যালয়ের অধীনে মাঠ পর্যায়ে কোন কার্যালয় নেই।

আমি রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর প্রতিনিধি স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব-এর নিকট অঙ্গিকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকবো।

আমি সিনিয়র সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, স্থানীয় সরকার বিভাগ হিসেবে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন এর নিকট অঙ্গিকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবো।

রেজিস্ট্রার জেনারেল
জন্ম ও মৃত্যু নিবন্ধন
পরিবহন পুল ভবন (৯ম তলা)
সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা-১০০০।

তারিখ ২২/০৬/২০১৮

সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

ড. জাফর আহমেদ খান
সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তারিখ

সংযোজনী-১

## শব্দসংক্ষেপ (Acronyms)ঃ

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | A2I | Access to Information |
| ২ | BBS | Bangladesh Bureau of Statistics |
| ৩ | BRIS | Birth Registration Information System |
| ৪ | CRVS | Civil Registration & Vital Statistics |
| ৫ | ICAO | International Civil Aviation Organization |
| ৬ | LGSP | Local Government Support Project |
| ৭ | MRP | Machine Readable Passport |
| ৮ | NID | National Identification |
| ৯ | ORG | Office of the Registrar General |
| ১০ | UNICEF | United Nations International Children Emergency Fund |

## সংযোজনী-২

### কর্মসম্পাদন সূচকসমূহ বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতির বিবরণ

| ক্রমিক | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/ সংস্থা | পরিমাপ পদ্ধতি ও উপাত্তসমূহ | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ভিডিএলজি, উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী প্রোগ্রামারদের প্রশিক্ষণ প্রদান | আয়োজিত প্রশিক্ষণ | জন্ম ও মৃত্যু নিবন্ধন সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন এর প্রতিবেদন | |
| ০২ | জন্ম ও মৃত্যু নিবন্ধন সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ওয়ার্কশপ/সেমিনার | আয়োজিত কর্মশালা/সেমিনার | জন্ম ও মৃত্যু নিবন্ধনে কারিগরি সহায়তা প্রদান | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন এর সার্ভার ও ডাটাবেইজে সংরক্ষিত তথ্য/উপাত্ত | |
| ০৩ | ৫১০৭টি নিবন্ধন অফিসকে জন্ম ও মৃত্যু নিবন্ধনে কারিগরি সহায়তা প্রদান | প্রদানকৃত কারিগরি সহায়তা | জন্ম ও মৃত্যু নিবন্ধনে সাধারণের মাঝে সচেতনতা বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন এর সার্ভার ও ডাটাবেইজ সংরক্ষিত তথ্য/উপাত্ত | |
| ০৪ | জন্মের ৪৫ দিনের মধ্যে নিবন্ধন হার বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ | নিবন্ধিত জন্ম নিবন্ধন তথ্য | জন্ম নিবন্ধনের হার বৃদ্ধিকরণ | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন এর সার্ভার ও ডাটাবেইজ সংরক্ষিত তথ্য/উপাত্ত | |

সংযোজনী-৩

অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশা যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| অর্থ মন্ত্রণালয় | জন্ম ও মৃত্যু নিবন্ধন সংশ্লিষ্টদের প্রশিক্ষণ/নিবন্ধন কার্যালয়সমূহে কারিগরি সহায়তা প্রদান/ওয়ার্কশপ/সেমিনার ও বিভিন্ন প্রকার জনসচেতনতা বৃদ্ধির জন্য কার্যক্রম গ্রহণ | আয়োজিত প্রশিক্ষণ/ প্রদানকৃত কারিগরি সহায়তা/ নিবন্ধিত জন্ম নিবন্ধন তথ্য | যথাসময়ে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ | উল্লেখিত কার্যক্রম বাস্তবায়নের জন্য যথাসময়ে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের যথাযথ কর্তৃপক্ষ | কার্যক্রম বাস্তবায়ন বাধাগ্রস্থ হবে। |
| বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল | জন্ম ও মৃত্যু নিবন্ধনে কারিগরি সহায়তা প্রদানের জন্য সার্ভারের রক্ষণাবেক্ষণে/নিরাপত্তায় সহায়তা প্রদান | সার্ভারের রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তায় প্রদত্ত সেবা | নিয়মিত সার্ভারের রক্ষণাবেক্ষণ ও চাহিদা অনুযায়ী সহায়তা প্রদান | জাতীয় ডাটা সেন্টারের জন্ম ও মৃত্যু নিবন্ধনের সার্ভার সরবরাহকারী ও রক্ষণাবেক্ষণকারী কর্তৃপক্ষ | নিয়মিত সহায়তা না পেলে অনলাইন জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম বাধাগ্রস্থ হবে। |